

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩(অংশ-১)/ ২০১২

তারিখঃ ১১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
২৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার ডোনারচর ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-২/আউটসোর্সিং-৭২/প্রঃঅনুঃ/২০১৫(অংশ)/৩২৬৩, তারিখঃ ৩১/০৩/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার ডোনারচর ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নিয়োক্ত বিভিন্ন ক্যাটাগরির নিয়োক্ত ০৯(নয়)টি পদে ২০১৮-২০১৯ অর্থ বছরে আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ডোনারচর ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
১	অফিস সহায়ক	০১
২	কুক মশালচি	০২
৩	নিরাপত্তা গ্রহরী	০২
৪	পরিচ্ছন্নতা কর্মী	০৩
৫	মালী	০১
		মোট ০৯(নয়)টি

২। উল্লেখ্য, ২০১৮-২০১৯ অর্থ বছরে জনবল নিয়োজিত না থাকলে এ আদেশ কার্যকর হবে না।


(শাহিনা খান)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

সিভিল সার্জন
কুমিল্লা

অনুলিপিঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ পরিচালক(অর্থ)।
- ২। যুগ্মসচিব (বাজেট অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০৩.১৭- ২৫৬৬


তারিখঃ ১১ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ
২৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরধীন মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব/ডেন্টাল/রেডিওগ্রাফী/ফিজিওথেরাপী/রেডিওথেরাপী) এর স্থায়ী রাজস্ব/অস্থায়ী রাজস্বখাতভূক্ত শূন্য পদে জনবল নিয়োগ।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বঃঅধিঃ/প্রশা-৩/উপ:সহ:ক:মে:অফিসার/নিয়োগ/২০১২/৩৬৭৬, তারিখঃ ২৫ এপ্রিল ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত প্রস্তাবের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরধীন মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব/ডেন্টাল/রেডিওগ্রাফী/ফিজিওথেরাপী/রেডিওথেরাপী) এর স্থায়ী রাজস্ব/অস্থায়ী রাজস্বখাতভূক্ত শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে জানানো যাচ্ছে যে, উক্ত নিয়োগের বিষয়ে এ বিভাগের আইন অধিশাখার মতামত গ্রহণ করা হয়েছে। বিজ্ঞ আদালতে দায়েরকৃত রিট পিটিশন নং-২৩৫৫/১৩ নং মামলার ২৪/০৫/২০১৬ তারিখের রায়, আপিল ২১৪৩/১৬ নং মামলার ২১/১১/২০১৬ তারিখের রায় এবং রিভিউ ৩২/১৮ নং মামলার ১০/১১/২০১৯ তারিখের আদেশ পর্যালোচনান্তে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পাশ করা মেডিকেল টেকনোলজিস্টগণ সরকারি চাকুরির জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন State Medical Faculty র নিবন্ধনপ্রাপ্ত মেডিকেল টেকনোলজিস্টদের মত সমান সুযোগ পাবেন মর্মে মাননীয় হাইকোর্ট আদেশ দিয়েছেন, যা আপিল বিভাগ বহাল রেখেছেন।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের আইন অধিশাখার মতামত অনুযায়ী উক্ত রিট ২৩৫৫/১৩ নং মামলার ২৪/০৫/২০১৬ তারিখের আদেশের আলোকে কারিগরি শিক্ষা বোর্ড হতে ২০১৩ সাল পর্যন্ত পাশ করা শিক্ষার্থীদের (২০১৩ সালে নিয়োগ বিজ্ঞপ্তি জারিকালে যারা পাশ করেছে এবং যাদের চাকুরিতে প্রবেশের বয়স ছিল) উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে আবেদনের সুযোগ দিয়ে ইতিপূর্বে দরখাস্ত দাখিলকারী প্রার্থীদেরসহ (State Medical Faculty হতে পাশ করা) নতুনভাবে আবেদন করা নিয়োগ প্রার্থীদের নিয়ে (কারিগরি শিক্ষা বোর্ড হতে পাশ করা) নিয়োগ কার্যক্রম নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(শাহিনা খাতুন)
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hssd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
[দৃঃআঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপি :

- ১। যুগ্মসচিব, আইন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়